দৈনিক খবর

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ...01 MAY 1989... পৃষ্ঠা ... 1 ... কলাম 5

43

# তেজগাঁও–এ পলিটেকনিক ছাত্রাবাস থেকে অস্ত্রসহ ৩ জন গ্রেফতার

।।স্টাফরিপোর্টার।।

তেজগাঁও পলিটেকনিক ছাত্রাবাস থেকে পুলিশ গতকাল রোববার রক্তমাখা কিছু কাপড় এবং বেশকিছু অস্ত্রশস্ত্রসহ ৩ জনকে গ্রেফতার করেছে।

পুলিশের পক্ষ থেকে বলা হয়, গোপন সূত্রে খবর পেয়ে গোয়েন্দা শাখার এসি আকরাম হোসাইন, এসি হুমায়ুন কবির ও এসি আক্তারুজ্জামান ভুঁইয়ার নেতৃত্বে একটি বিশেষ দল বিকেলে ইনস্টিটিউটের পূর্বদিকের ছাত্রাবাসের নীচতলার অফিস কক্ষের আলমিরার পেছনে রক্ষিত ব্রীফকেস থেকে ১টি কাটা. এসবিবিএল, ১টি দেশী বন্দুক, ২১ রাউন্ড বন্দুকের গুলী, ১৩ রাউন্ড পিস্তলের গুলী, ১টি দেশী পিস্তল ও চাপতি, বেয়নেট উদ্ধার করা হয়। পরে ছাত্রাবাসের ২য় তলার ৩২৩ নম্বর রুম থেকে রক্তমাখা ১টি গেঞ্জি ও ১টি শার্ট উদ্ধার করা হয়। পুলিশ এ ব্যাপারে গোলাম মোস্তফা ক্লার্ক, হারুনুর রশিদ গার্ড ও আবুল বাশার নামে ৩ জনকে গ্রেফতার করেছে। তেজগাঁও থানায় এই ব্যাপারে একটি মামলা দায়ের করা হয়েছে।

## পাইপগান উদ্ধার

মোহাম্মদপুর থানার পুলিশ গতকাল জিন্নাহ নামে এক ব্যক্তিকে গ্রেফতার ও তার কাছ থেকে ১টি পাইপগান উদ্ধার করেছে। এছাড়া আরো ৫ জন জুয়াড়ীকেও গ্রেফতারকরেছে।